দৈনিক আমাদের সময়

তারিখ 14 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# এসএসসির ফরম পূরণে ২০ হাজার টাকা করে জামানত!

নরসিংদী প্রতিনিধি •

নরসিংদীর পলাশে ২০১৮ সালের এসএসসির অনিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণে ২০ হাজার টাকা করে জামানত নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। উপজেলার পলাশ পাইলট উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কাছ থেকে এ অর্থ নেওয়া হয়। অভিযোগ স্বীকার করেছেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক। উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশে জামানতের টাকা পরে শিক্ষার্থীদের ফেরত দিয়েছে স্কুল কর্তৃপক্ষ।

বিদ্যালয়ে এসএসসির ফরম পূরণের কাজ শুরু হয় গত মঙ্গলবার। বিদ্যালয়ের ১৫০ নিয়মিত পরীক্ষার্থীর পাশাপাশি সাত অনিয়মিত পরীক্ষার্থী রয়েছে। বিদ্যালয়ের পক্ষ থেকে জানানো হয়, অনিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণে ২০ হাজার টাকা জামানত দিতে হবে।

মানিক মিয়া নামে এক অভিভাবক জানান, তার ছেলে এই বিদ্যালয় থেকে ২০১৭ সালে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়। এবার ওই বিষয়ে পরীক্ষার ফরম পূরণের জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে যোগাযোগ করলে তিনি তার কাছে ২০ হাজার টাকা জামানত চান। পরে ১০ হাজার টাকা জামানত দিয়ে পরীক্ষার ফরম

এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## এসএসসির ফরম

(৩ এর পৃষ্ঠার পর) পূরণ করেন। আবার পরে টাকা ফেরত প্রদান করেন। অন্য ছয় অনিয়মিত পরীক্ষার্থীর কাছ থেকেও মোটা অঙ্কের জামানত নিয়ে ফরম পূরণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশে টাকা ফেরতও দেওয়া হয়। তিনি আরও বলেন, এক অনিয়মিত পরীক্ষার্থীর ফরম পূরণের জন্য জামানত নেওয়া হয় এই প্রথম শুনলাম। প্রধান শিক্ষককে বিষয়টি জিজ্ঞাসা করলে তিনি জানান, পরীক্ষায় উত্তীর্ণ হলে টাকা বিদ্যালয় কর্তৃপক্ষ ফেরত দেবে আর না হলে টাকা ফেরত দেওয়া হবে না।